


অবশ্যে ববি'র ভিসিকে অপসারণ

স্টাফ রিপোর্টার, বরিশাল

প্রকাশিত: ২২:১৫, ১৩ মে ২০২৫



ଛବିଃ ସଂଗ୍ରହିତ

টানা ২৯ দিনের ছাত্র আন্দোলনের পর বরিশাল বিশ্ববিদ্যালয়ের (ববি) উপাচার্য অধ্যাপক ড. শুচিতা শরমিনকে অপসারণ করেছে শিক্ষা মন্ত্রণালয়। যেকারণে আন্দোলনরত শিক্ষার্থীরা মঙ্গলবার দিবাগত রাত দশটার দিকে আনন্দ মিছিল করেছে।



রাষ্ট্রপতির আদেশক্রমে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সিনিয়র সহকারী সচিব এএসএম কাসেম স্বাক্ষরিত এক প্রজ্ঞাপনে মঙ্গলবার (১৩ মে) রাতে জানা গেছে, রাষ্ট্রপতি ও চ্যাপ্লেনের অনুমোদনক্রমে বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. শুচিতা শরমিনকে অব্যাহতি দেওয়া হয়েছে।



ববি সূত্রে জানা গেছে, একইসাথে ববি'র প্রোভিসি ও ট্রেজারারকে অপসারণ করা হয়েছে। পাশাপাশি নতুন উপাচার্য নিয়োগের আগ পর্যন্ত অন্তবর্তীকালীন সময়ের জন্য রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ফলিত রসায়ন বিভাগের অধ্যাপক ড. মো. তোফিক আলম বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপচার্যের দায়িত্ব পালন করবেন বলেও ববি'র আন্দোলনরত শিক্ষার্থী সুজয় শুভ নিশ্চিত করেছেন।



Watch on 

নয় বছরের আমানের বিশ্বরেকর্ড | News | Sports | Janakantha

তবে শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েব সাইটে এ সংক্রান্ত কোন প্রজ্ঞাপনের কপি মঙ্গলবার (১৩ মে) রাত দশটা পর্যন্ত খুঁজে পাওয়া যায়নি।

উল্লেখ্য, গত ২৯ দিন ধরে বরিশাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা প্রথমে ২২ দফা পরে চার দফা দাবিতে আন্দোলন করে আসছেন। তাদের দাবি পূরণ না হওয়ায় উপাচার্য অপসারণের এক দফা দাবিতে আন্দোলন শুরু করে শিক্ষার্থীরা। আন্দোলনে বরিশাল বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক কার্যক্রম শাটডাউন, উপাচার্যের বাসভবনে তালা ও একাডেমিক শাটডাউন করা হয়।



সবশেষ ১২ মে রাত এগারোটা থেকে আমরণ অনশন ও ১৩ মে বিকেল থেকে বরিশাল-কুয়াকাটা মহাসড়ক অবরোধ করে বিক্ষেপ করেন শিক্ষার্থীরা।